

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৬১৬

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আশুরার সিয়াম রাখার নির্দেশ, কেননা এই দিনে মহান আল্লাহ তাঁর সাথে কথোপকথনকারী নবী আলাইহিস সালামকে পরিত্রাণ দিয়েছিলেন এবং তাঁর বিরুদ্ধবাদী ও শত্রুতা পোষনকারীকে ধ্বংস করেছিলেন

ذَكَرُ الْأَمْرِ بِصِيَامِ يَوْمِ عَاشُورَاءَ إِذِ اللَّهُ جَلَّ وَعَلَا نَجَّى فِيهِ كَلِيمَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَهْلَكَ مَنْ ضَادَّهُ وَعَادَاهُ

আরবী

3616 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ أَيُّوبَ عَنْ ابْنِ سَعِيدٍ بْنِ جُبَيْرٍ عَنْ أَبِيهِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَدِمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَجَدَ يَهُودَ يَصُومُونَ يَوْمَ عَاشُورَاءَ فَقَالَ لَهُمْ: (مَا هَذَا؟) قَالُوا: يَوْمَ عَظِيمٍ نَجَّى اللَّهُ فِيهِ مُوسَى وَأَغْرَقَ آلَ فِرْعَوْنَ فَصَامَهُ مُوسَى شُكْرًا لِلَّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنَا أَوْلَى بِمُوسَى وَأَحَقُّ بِصِيَامِهِ مِنْكُمْ) فَصَامَهُ وَأَمَرَ بِصِيَامِهِ

الراوي : ابْنُ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 3616 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) - أيضاً - (2112): ق.

বাংলা

৩৬১৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাহিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনাতে আগমন করে ইয়াহুদীদের আশুরার দিন সিয়াম রাখতে দেখতে পান, তখন তিনি বলেন, “এটা কী?” তারা জবাবে বললো, “এটা একটা মহান দিন। মহান আল্লাহ এই দিনে মুসা আলাইহিস সালামকে পরিত্রাণ দিয়েছিলেন এবং ফেরাউনের অনুসারীদেরকে ডুবিয়ে দিয়েছিলেন। অতঃপর মুসা আলাইহিস সালাম আল্লাহর শুকরিয়া স্বরূপ সিয়াম রাখেন।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি মুসা আলাইহিস সালামের বেশি নিকটবর্তী এবং তাঁর সিয়াম পালনের ব্যাপারে তোমাদের চেয়ে বেশি হকদার।”

অতঃপর তিনি নিজে এই সিয়াম রাখেন এবং সাহাবীদেরকেও এই সিয়াম রাখার নির্দেশ দেন।”[1]

### ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১৩০; মুসনাদ আহমাদ: ১/২৯১; সহীহুল বুখারী: ২০০৪; ইবনু মাজাহ: ১৭৩৪; সুনান বাইহাকী: ৪/২৮৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫৬; দারেমী: ২/২২; তাহাবী: ২/৭৫; তাবারানী: ১২/১২৪৪২; আবু দাউদ: ২৪৪৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৮৪; বাগাবী: ১৭৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২১১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92952>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন